

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 02-07-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) ৰাজ্যপাল ইন্দ্ৰসেনা ৰেড্ডি নাল্লু বলেছেন, পাৰিবাৰিক শিক্ষা শৈশবকাল থেকেই আদৰ্শ চৰিত্ৰ গঠন করতে পারে।
- (২) ৰাজ্য মন্ত্ৰিসভা সম্প্ৰসাৰিত হচ্ছে।
- (৩) মুখ্যমন্ত্ৰী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ এক অনুষ্ঠানে সড়ক নিৰাপত্তাৰ কাজে ব্যবহাৰেৰ জন্য ১৬টি বেসিক লাইফ সাপোর্ট সিস্টেম সুবিধা যুক্ত অ্যাৰ্মুলেন্সেৰ উদ্বোধন করেন।
- (৪) পুৰাতন আগৰতলাৰ চতুৰ্দশ দেবতা বাড়িতে সাত দিনব্যাপী ঐতিহ্যবাহী খাৰ্চি উৎসব, মেলা ও প্ৰদৰ্শনী আগামীকাল থেকে শুরু হবে।
- (৫) প্ৰধানমন্ত্ৰী নৱেন্দ্ৰ মোদী আজ সকালে ঘানা, ত্ৰিনিদাদ ও টোবাগো, আৰ্জেণ্টিনা, ব্ৰাজিল এবং নামিবিয়া সফৰেৰ উদ্দেশ্যে যাত্ৰা কৰেছেন।

Jagannath Temple :

ৰাজ্যপাল ইন্দ্ৰসেনা ৰেড্ডি নাল্লু বলেছেন, পাৰিবাৰিক শিক্ষা শৈশবকাল থেকেই আদৰ্শ চৰিত্ৰ গঠন করতে পারে। পাৰিবাৰিক সুশিক্ষা থেকেই আদৰ্শ নাগৰিক তৈৰী হতে পারে। এৰ জন্য পিতামাতা থেকে পৰিবাৰেৰ বয়োজ্যেষ্ঠদেৰ সেইমত আচৰন করতে হয়। আজ আগৰতলাৰ জগন্নাথ জিউ মন্দিৰে ৰথযাত্ৰা উপলক্ষে আয়োজিত ধৰ্মসভায় ৰাজ্যপাল একথা বলেন। তিনি সৎসঙ্গ প্ৰসাৰে ঐতিহ্যশালী জগন্নাথ জিউ মন্দিৰেৰ ভূমিকাৰ কথা বলেন। ‘সৎসঙ্গ সাধুসঙ্গ’ শীৰ্ষক এই আলোচনায় উপস্থিত ছিলেন, প্ৰাণীসম্পদ বিকাশ মন্ত্ৰী সুধাংশু দাস, জগন্নাথ জিউ মন্দিৰেৰ মঠাধ্যক্ষ

ভক্তি কমল বৈষ্ণব মহারাজ, ভক্তি বিচার বৈষ্ণব মহারাজ, শ্রী শ্রী হরিভক্তি
প্রচারিণী সভার প্রভুপাদ প্রেম গোপাল গোস্বামী।

Cabinet - Oath :

রাজ্য মন্ত্রিসভা সম্প্রসারিত হচ্ছে। জানা গেছে রাজভবনের দরবার হলে
আগামীকাল দুপুর দেড়টায় শপথ গ্রহণ অনুষ্ঠান হবে।

CM-Transport :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় স্বামী বিবেকানন্দ
ময়দানে এক অনুষ্ঠানে সড়ক নিরাপত্তার কাজে ব্যবহারের জন্য ১৬টি
বেসিক লাইফ সাপোর্ট সিস্টেম সুবিধা যুক্ত অ্যাম্বুলেন্সের উদ্বোধন করেন।
পাশাপাশি তিনি যাত্রী নিরাপত্তার জন্য যানবাহনের অবস্থান ট্র্যাকিং এবং
নজরদারি ব্যবস্থার সূচনা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি
সড়ক দুর্ঘটনা রোধে যানবাহনগুলির নিয়মমাফিক ফিটনেস এবং
ওভারলোডিং টেস্টের জন্য আইন প্রণয়নের উপর গুরুত্ব আরোপ করেন।
মুখ্যমন্ত্রী বলেন, সড়ক সুরক্ষা শুধুমাত্র নিয়ম কানুন বা আইন দ্বারা নিয়ন্ত্রণ
করা সম্ভব নয়। সড়ক আইন মেনে চলা প্রত্যেক নাগরিকের দায়িত্ব।

#####Byte-CM#####

তিনি সড়ক দুর্ঘটনা রোধে এবং পথচারীদের স্বার্থে নেওয়া পরিবহন দপ্তরের
উল্লেখযোগ্য বিভিন্ন প্রকল্পের তথ্য তুলে ধরেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী,
পরিবহন সচিব ইউ. কে. চাকমা, রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ।

CM-Kharchi :

পুৰাতন আগৰতলাৰ চতুৰ্দশ দেৱতা ৰাতিত সাত দিনব্যাপী ঐতিহ্যবাহী খাৰ্চি উৎসৱ, মেলা ও প্ৰদৰ্শনী আগামীকাল থেকে শুৰু হৰে। আগামীকাল সকাল ১১টায় মুখ্যমন্ত্ৰী অধ্যাপক ডাঃ মানিক সাহা ঐতিহ্যবাহী এই মেলাৰ উদ্বোধন কৰবেন।

আজ স্নানযাত্ৰা বা অভিষেক পৰ্বৰ মধ্য দিয়ে সূচনা হল খাৰ্চি পূজা। সন্ধ্যায় মন্দিৰ সংলগ্ন হাওড়া নদীতে চতুৰ্দশ দেৱতাৰ পূন্য অৰগাহন বা স্নানযাত্ৰা ও অভিষেক পৰ্ব অনুষ্ঠিত হয়। চিৰাচৰিত প্ৰথায় প্ৰধান পুৰোহিত চন্টাই মহাৰাজ অভিষেক ও স্নানযাত্ৰা উৎসৱ পৰিচালনা কৰেন। আজকেৰ অনুষ্ঠানে প্ৰচুৰ পুণ্যাৰ্থীৰ সমাগম হয়। আগামীকাল সকাল থেকে মন্দিৰে শুৰু হৰে সাতদিনব্যাপী খাৰ্চি পূজা ও উৎসৱ।

খাৰ্চি পূজা উপলক্ষ্যে ৰাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্ৰী অধ্যাপক ডাঃ মানিক সাহা। এডিসি-ৰ চেয়াৰম্যান জগদীশ দেৱৰ্মা মুখ্যনিৰ্বাহী সদস্য পূৰ্ণচন্দ্ৰ জমাতিয়া।

#####VC#####

Courtsey Meet-Suklacharan Naotia :

সমৰায় মন্ত্ৰী শুক্লাচৰণ নোয়াতিয়া আজ নতুন দিল্লিতে পৰিবেশ, বন ও জলবায়ু পৰিবৰ্তন মন্ত্ৰকেৰ প্ৰতিমন্ত্ৰী কীৰ্তিবৰ্ধন সিং এৰ সঙ্গে এক সৌজন্যমূলক সাক্ষাৎকাৰে মিলিত হন। সাক্ষাৎকালে উভয়েৰ মধ্য প্ৰধানমন্ত্ৰী গ্ৰাম সড়ক যোজনা ও PMJANMAN নিয়ে আলোচনা হয়।

Update Akashvani :

এখবৰ শুনছেন, আকাশবাণী আগৰতলা কেন্দ্ৰ থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

PM, tour :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে ঘানা, ত্রিনিদাদ ও টোবাগো, আর্জেন্টিনা, ব্রাজিল এবং নামিবিয়া সফরের উদ্দেশ্যে যাত্রা করেছেন। প্রথম পর্যায়ে, শ্রী মোদী ঘানা সফর করবেন। গত তিন দশকের মধ্যে এটি হবে পশ্চিম আফ্রিকার এই দেশটিতে কোনও ভারতীয় প্রধানমন্ত্রীর প্রথম সফর। রওয়ানা হবার আগে এক বিবৃতিতে, প্রধানমন্ত্রী বলেছেন যে ঘানা বৈশ্বিক দক্ষিণের মূল্যবান অংশীদার এবং আফ্রিকান ইউনিয়ন ও পশ্চিম আফ্রিকার রাষ্ট্রগুলির অর্থনৈতিক সম্প্রদায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আকাশবাণী সংবাদদাতা জানিয়েছেন যে প্রধানমন্ত্রী আজ সন্ধ্যায় আক্রায় অবতরণ করবেন, যেখানে তাকে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানানো হবে এবং গার্ড অফ অনার দেওয়া হবে। ঘানার রাষ্ট্রপতি জন মাহামা এবং প্রধানমন্ত্রী শ্রী মোদি দ্বিপাক্ষিক সম্পর্কের ধারাবাহিকতা বজায় রাখা এবং তা গভীর করার উপর আলোকপাত করবেন বলে আশা করা হচ্ছে। ভারতের সহায়তায় নির্মিত জুবিলি হাউস রাষ্ট্রপতি প্রাসাদে উচ্চ পর্যায়ের আলোচনা অনুষ্ঠিত হবে। মূল আলোচনার মধ্যে রয়েছে অর্থনৈতিক সহযোগিতা, কৃষি, প্রতিরক্ষা, ডিজিটাল পরিকাঠামো এবং পশ্চিম আফ্রিকার জন্য একটি আঞ্চলিক টিকা কেন্দ্র প্রতিষ্ঠা। যৌথ কমিশনের পুনর্নবীকরণ, সাংস্কৃতিক বিনিময় কর্মসূচি এবং আয়ুর্বেদ ও মানদণ্ডে সহযোগিতা সহ বেশ

কয়েকটি চুক্তি প্রত্যাশিত। নেতারা আঞ্চলিক ও বৈশ্বিক বিষয় নিয়েও আলোচনা করবেন, তারপরে একটি যৌথ সাংবাদিক সম্মেলন করবেন।

Jitendra Chowdhury :

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার কাছে লেখা এক চিঠিতে অভিযোগ করেন ত্রিপুরায় রাজনৈতিক সহিংসতার ঘটনা উদ্বেগজনক হারে বেড়ে চলেছে। এই সমস্তু ঘটনায় শুধু বিরোধীদের রাজনৈতিক অধিকারই ক্ষুণ্ণ হচ্ছে না, রাজ্যের সামগ্রিক আইনশৃঙ্খলা ও প্রশাসনিক নিরপেক্ষতা নিয়েও প্রশ্ন উঠছে। শ্রী চৌধুরী তাঁর চিঠিতে রাজ্যে অবিলম্বে আইনের শাসন ফিরিয়ে আনার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানিয়েছেন।

Press Meet-DAJBA :

জনজাতীয় গৌরব বর্ষ পালনের অঙ্গ হিসাবে "ধরতি আবা জনভাগীদারী অভিযানে" উনকোটি জেলাতে মোট ২৭৯টি শিবির অনুষ্ঠিত হয়েছে। আজ সন্ধ্যায় কৈলাশহরে জেলাশাসক কার্যালয়ে আহত এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানান, জেলাশাসক ডক্টর তমাল মজুমদার। শিবিরে ৩৭ হাজার ৮০০ জন অংশ নিয়েছেন। শিবিরগুলোতে এস.টি সার্টিফিকেট, আয়ুষ্স্মান ভারত কার্ড সহ বিভিন্ন সুবিধা সুযোগ প্রদান করা হয়। সাংবাদিক সম্মেলনে উনকোটি জেলার ADM এল, দারলং ও অর্ঘ্য সাহা প্রমুখ উপস্থিত ছিলেন।

Amit Shah :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে সরকার প্রত্যেকটি মাদক চক্র ভেঙে ফেলতে এবং যুবসমাজকে রক্ষা করতে দৃঢ়প্রতিজ্ঞ। তিনি বিশ্বব্যাপী মাদক চক্র ধ্বংস করার জন্য নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো এবং সমস্তু

সংস্থাকে অভিনন্দন জানিয়েছেন। শ্রী শাহ বলেছেন যে এই তদন্ত বহু-সংস্থার সমন্বয়ের এক দুর্দান্ত উদাহরণ স্থাপন করেছে, যার ফলে আটজনকে গ্রেপ্তার করা হয়েছে এবং পাঁচটি চালান আটক করা হয়েছে। একই সঙ্গে চারটি মহাদেশ এবং ১০টিরও বেশি দেশে পরিচালিত এই চক্রের বিরুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্র এবং অস্ট্রেলিয়ায় কঠোর ব্যবস্থা নেওয়া হয়েছে।

KHELO BHARAT NITI 11 YEARS :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী নেতৃত্ব বিগত ১১ বছরে দেশের খেলাধুলার পরিসরে ইতিবাচক ফলাফলের নজির স্থাপন করেছে। সামনে এসেছে জাতীয় ক্রীড়ানীতি-২০২৫। একটি প্রতিবেদন।

#####VC#####

Sports Journalists Day :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, 'দক্ষতার উন্নয়নের জন্য সব ধরনের পেশাতেই কর্মশালা করা জরুরী। রাজ্যের বর্তমান সরকার এই ভাবনা থেকেই আজ বিশ্ব ক্রীড়া সাংবাদিক দিবসে এ রাজ্যের ক্রীড়া সাংবাদিকদের একদিনের কর্মশালার আয়োজনে গুরুত্ব দিয়েছে'। ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাবের উদ্যোগে এবং রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহায়তায় বিশ্ব ক্রীড়া সাংবাদিক দিবসে প্রথমবারের মত ক্রীড়া সাংবাদিক বিষয়ক এক কর্মশালা আজ অনুষ্ঠিত হয়। দুপুরে আগরতলা প্রেস ক্লাবে মুখ্যমন্ত্রী এর উদ্বোধন করে বলেন, 'প্রত্যেকের জীবনে খেলার কোন বিকল্প নেই। আর খেলোয়াড়দের তুলে ধরার ক্ষেত্রে ক্রীড়া সাংবাদিকদের বিশেষ অবদান রয়েছে'। অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, আগরতলা প্রেস ক্লাবের সভাপতি প্রণব সরকার ও কর্মশালার উদ্যোক্তা ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাবের সভাপতি সরযু চক্রবর্তী বক্তব্য রাখেন। পরে বিশেষজ্ঞ হিসেবে কলকাতার বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক গৌতম ভট্টাচার্য

ক্রীড়া সাংবাদিকদের প্রশিক্ষণ দেন। রাজ্যের বিভিন্ন মহকুমা থেকে ৫০ জনের উপর সাংবাদিক এই কর্মশালায় অংশ নেন।

Weather :

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১ দশমিক ৪ মিলিমিটার।
